# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ রমযানে ইচ্ছাকৃতভাবে স্ত্রী সহবাসকারীর জন্য কাফফারা প্রদান করা ওয়াজিব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ إِيجَابِ الْكَفَّارَةِ عَلَى الْمُوَاقِعِ أَهْلَهُ مُتَعَمِّدًا فِي شَهْرِ رَمَضَانَ

আরবী

3520 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ عَنْ مُحَمَّدِ بْنِ جَعْفَرِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَائِشَةَ قَالَتْ: أَتَى رَجُلٌ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَذَكَرَ أَنَّهُ احترَقَ فَسَأَلَهُ عَنْ أَمْرِهِ فَذَكَرَ أَنَّهُ وَقَعَ عَلَى امْرَأَتِهِ فِي رَمَضَانَ فأُتي رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم بمكتلٍ يُدْعَى العَرَق فِيهِ تَمْرٌ فَقَالَ: (أَيْنَ الْمُحْتَرِقُ؟ ) فَقَامَ الرَّجُلُ فقال: (تَصَدَّقْ بهذا)
الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3520 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2074).

বাংলা

৩৫২০. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন যে, তিনি জ্বলে-পুড়ে গিয়েছেন, অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার বিষয় সম্পর্কে জিজ্ঞেস করেন। তখন সেই ব্যক্তি বলেন যে, তিনি রমযানে স্ত্রী সহবাস করেছেন। অতঃপর আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এক ঝুড়ি খেজুর আসলে বলেন, “জ্বলে-পুড়ে যাওয়া লোকটি কোথায়?” তখন লোকটি দাঁড়ালে তিনি বলেন, “এগুলো সাদাকাহ করো।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১০৬; দারেমী: ২/১১-১২; সহীহুল বুখারী: ১৯৩৫; তাহাবী: ২/৫৯-৬০; সুনান বাইহাকী: ৪/২২৩; সহীহ মুসলিম: ১১১২; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১১/২২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৭৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92854

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন